দৈনিক ইনকিলাব

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন
কেন্দ্র

তারিখ 22 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 3



# এসএসসি পরীক্ষায় ফেল করার কারণ—

॥ মোঃ আবদুর রহিম ॥

এসএসসি পরীক্ষায় সাধারণ বিজ্ঞানের ২টি পত্র এবং সমাজ বিজ্ঞানের ২টি পত্রে পৃথক পৃথকভাবে পাস বাধ্যতামূলক করায় প্রতি বছর ৪টি বোর্ডের কয়েক হাজার ছাত্র-ছাত্রী অন্যান্য বিষয়সমূহে ভাল ফল করেও পরীক্ষায় উত্তীর্ণ হতে পারছে না।

১৯৮৫ সাল থেকে এসএসসি পরীক্ষায় বিজ্ঞান, মানবিক, বাণিজ্য ও কৃষি— এ

৭-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ফেল করার কারণ

প্রথম পৃষ্ঠার পর

চারটি গ্রুপের বিলুপ্তি ঘটিয়ে একটি সমন্বিত গ্রুপ চালু করা হয়। একই সংগে এসএসসি পরীক্ষার সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানের ২টি পত্রে আলাদাভাবে পাস করার নতুন পদ্ধতি চালু করা হয়। এতে উল্লেখিত বিষয় দু'টির একটি পত্রে ভাল নম্বর এবং অনেক ক্ষেত্রে লেটার মার্ক থাকলেও অপর পত্রে পাস নম্বর না থাকলে বিষয় দু'টিতে ফেল ধরা হয়। অথচ একই বিষয়ের ২টি পত্রে পাস করার এরূপ পদ্ধতি নিম্ন মাধ্যমিক শ্রেণী, ইন্টারমিডিয়েট এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রচলিত নেই। এমনকি খোদ এসএসসি পরীক্ষায় বাংলা ও ইংরেজী বিষয়ের ২টি পত্রে একত্রে পাস করার নিয়ম প্রচলিত আছে। গত ৪ বছর পূর্বেও এ বিষয় দু'টির উভয় পত্রে একত্রে পাস করার নিয়ম প্রচলিত ছিল।

যেহেতু এ নিয়মটি শিক্ষাক্ষেত্রের অন্য কোথাও প্রচলিত নেই সেহেতু শুধুমাত্র এসএসসি পরীক্ষার বেলায় প্রচলিত নিয়মটির অবসান করলে প্রতি বছর কয়েক হাজার পরীক্ষার্থীকে ফেল করার মতো দুঃসহ বেদনা থেকে মুক্তি দেয়া যেতে পারে বলে অনেক অভিভাবক মন্তব্য করেছেন।

এমনিভাবে রসায়ন এবং পদার্থ বিদ্যা বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় আলাদাভাবে পাস করার নিয়ম প্রচলিত থাকায় প্রতি বছর হাজার হাজার ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় ১০টি বিষয়েই পাস মার্ক এবং বহু ক্ষেত্রে প্রথম বিভাগ থাকা সত্বেও যে-কোন একটি পত্রে কয়েকটি নম্বর কম থাকায় পরীক্ষায় অকৃতকার্য হচ্ছে।